গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

নং- ২০.০৫.০০০০.৪৭৮.১৪.২৭৯.১৭- ১৮৫

তারিখঃ ২৭ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০১৭ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ** ৩০/০৩/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক প্রস্তাবিত "শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)"-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি) জনাব মোস্তাফা কামাল উদ্দীন এর সভাপতিত্বে গত ৩০/০৩/২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক প্রস্তাবিত "শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)"-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিইসি) সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

১০/০৪/২০১৭

(আবু সাঈদ মোঃ কামরুজ্জামান)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৬৪৬
ই-মেইলঃ kzaman050870@yahoo.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সিরাজুন নূর চৌধুরী, উপ-সচিব, বাজেট অধিশাখা-১৫)।
৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃআঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।
৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯। চেয়ারম্যান, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।

**অবগতির জন্য অনুলিপিঃ**

১। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। যুগ্ম-প্রধান (শিল্প ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ

বিষয়ঃ ৩০/০৩/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক প্রস্তাবিত "শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)"-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি) মোস্তাফা কামাল উদ্দীন এর সভাপতিত্বে গত ৩০/০৩/২০১৭ খ্রিঃ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক প্রস্তাবিত "শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)"-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-"ক" তে সন্নিবেশিত। সভায় অর্থ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কোন প্রতিনিধি উপস্থিত ছিলেন না।

২। উপস্থাপনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রতিনিধি প্রকল্পের পটভূমিকায় উল্লেখ করেন যে, ৭৩৬২.৫৯৫২ কোটি (জিওবিঃ ৭৩৫০.৩০৭৭ কোটি + সংস্থার নিজস্বঃ ১২.২৮৭৫ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জানুয়ারি, ২০১৭ থেকে ডিসেম্বর, ২০১৯ মেয়াদে বাস্তবায়নার্থে আলোচ্য প্রকল্পটি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগের ৩৬ টি পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) তে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের আওতায় ৩৯১০০ কিঃ মিঃ নতুন বিতরণ লাইন নির্মাণ, ৬১টি (৮৭০ এমভিএ) নতুন ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ, বিদ্যমান ৯৭টি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের ৮৪৫ এমভিএ ক্ষমতাবর্ধন, ৩৯ সেট রিভার ক্রসিং টাওয়ার নির্মাণ, ২৬.৪০ একর ভূমি অধিগ্রহণ/ক্রয়, ১টি সুইচিং স্টেশন নির্মাণ এবং ১৩,৭০,০০০ সংখ্যক নতুন গ্রাহক সংযোগের সংস্থান রয়েছে।

৩। আলোচনাঃ

৩.১ সভায় প্রকল্পের শিরোনামের প্রারম্ভে 'শতভাগ' রাখার যৌক্তিকতা প্রসংগে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, বাংলাদেশ সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নে বিআরইবি কর্তৃক উপজেলাওয়ারী ১০০% বিদ্যুতায়নের রোড-ম্যাপ প্রণয়ন করা হয়েছে। প্রকল্প এলাকায় এই লক্ষ্যমাত্রা অর্জনে প্রকল্পটি বিশেষ অবদান রাখবে। এ প্রেক্ষিতে, প্রকল্পের নাম "শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)" রাখা হয়েছে। জুন-সেপ্টেম্বর ২০১৬ সময়ে পরিচালিত সমীক্ষার আলোকে কোন নির্দিষ্ট পবিসের আওতায় ঐ সময়ে বিদ্যমান ১০০% গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দেওয়া হবে বিধায় প্রকল্পের শিরোনামে শতভাগ বিদ্যুতায়ন উল্লেখ করা হয়েছে। বর্তমান জনসংখ্যার প্রেক্ষাপটে প্রকল্প এলাকায় ভবিষ্যতে গ্রাহক সংযোগ প্রকল্প নেওয়া হবে না। নতুন গ্রাহকের সৃষ্টি হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট পবিসের ব্যবস্থাপনায় বিদ্যুৎ সংযোগ দেওয়া হবে।

৩.২ সভায় উল্লেখ করা হয় যে, চলতি অর্থ বছর প্রায় শেষ হতে চলেছে। আলোচ্য প্রকল্পটি চূড়ান্ত অনুমোদন হতে আরো কিছু সময়ের প্রয়োজন পড়বে। সেক্ষেত্রে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল জানুয়ারি, ২০১৭ থেকে ডিসেম্বর, ২০১৯ এর পরিবর্তে জুলাই, ২০১৭ হতে জুন, ২০২০ পর্যন্ত করা যায় কিনা সে প্রসংগে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, উপজেলাওয়ারী শতভাগ বিদ্যুতায়ন ত্বরান্বিত করার স্বার্থে প্রকল্পের বাস্তবায়নকাল জানুয়ারী, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত করা হয়েছে। বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি আরো উল্লেখ করেন যে, সরকার কর্তৃক নির্ধারিত সময়ের পূর্বেই শতভাগ বিদ্যুতায়ন নিশ্চিত করার জন্য সকলের সহায়তায় বিদ্যুৎ বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সভায়

বিস্তারিত আলোচনান্তে প্রকল্পের প্রস্তাবিত মেয়াদকাল অপরিবর্তিত রাখার বিষয়ে ঐকমত্য প্রতিষ্ঠিত হয়। তবে প্রকল্প অনুমোদনের পূর্বের যে কোন খরচ প্রকল্প থেকে ভবিষ্যতে (প্রকল্প অনুমোদনের পর) পুনর্ভরণ করা পরিকল্পনা শৃংখলার পরিপন্থী বিধায় তা না করার জন্য বিদ্যুৎ বিভাগকে পরামর্শ প্রদান করা হলে সভা এ বিষয়ে একমত পোষণ করে।

৩.৩ সভায় উল্লেখ করা হয় যে, আলোচ্য প্রকল্পের প্রতি কিঃমিঃ লাইন নির্মাণ ব্যয় ১.৬৩ লক্ষ টাকা। অপরদিকে বাস্তবায়নাধীন "১৫ লক্ষ গ্রাহক সংযোগ" শীর্ষক অপর একটি প্রকল্পের প্রতি কিঃমিঃ লাইন নির্মাণ ব্যয় ১.০৫ লক্ষ টাকা। প্রস্তাবিত প্রকল্পের ব্যয় এ খাতে ৫৫% এর অধিক প্রাক্কলনপূর্বক প্রস্তাব করা হয়েছে। এ ব্যয় বৃদ্ধি প্রসংগে আরইবির প্রতিনিধি উল্লেখ করেন যে, বিদ্যুৎ বিভাগ কর্তৃক অনুমোদিত অভিন্ন রেট সিডিউল-২০১৪ মোতাবেক ১৫ লক্ষ গ্রাহক সংযোগ প্রকল্পের লাইন নির্মাণ ব্যয় প্রাক্কলন করা হয়। বর্তমানে লাইন নির্মাণ ব্যয় বৃদ্ধি পেয়েছে। উক্ত প্রেক্ষিতে বাজার মূল্য যাচাই পূর্বক লাইন নির্মাণ ব্যয় প্রাক্কলনের জন্য বিআরইবি থেকে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি প্রাক্কলন প্রস্তুত করেছে। সে অনুসারে প্রতি কিলোমিটার লাইন নির্মাণের ব্যয় ১.৪০ লক্ষ টাকা। কমিটির সুপারিশ মোতাবেক এ খাতের ব্যয় হবে ৫৪৭.৪০ কোটি টাকা, যা ডিপিপিতে প্রস্তাবিত ব্যয় প্রাক্কলনের তুলনায় ৮৯.৯৩ কোটি টাকা কম। বিস্তারিত আলোচনার পর প্রতি কিঃমিঃ ৩৩ কেভি লাইন নির্মাণ ব্যয় ও প্রতি কিঃমিঃ ১১কেভি লাইন নির্মাণ ব্যয় আলাদাভাবে অন্যান্য প্রকল্পের সাথে তুলনা করে ডিপিপির ২০ নং অনুচ্ছেদে প্রদর্শণ এবং সাম্প্রতিক বাজার দরের ভিত্তিতে ব্যয় প্রাক্কলন করে লাইন নির্মাণ খাতে ব্যয় পুনঃনির্ধারণপূর্বক তা পুনর্গঠিত ডিপিপিতে সন্নিবেশ করার বিষয় সভায় ঐকমত্য পোষণ করা হয়।

৩.৪ সভায় উল্লেখ করা হয় যে, ২৬.৪০ একর জমি অধিগ্রহণ বাবদ ৪৩.৮৭ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর বিভিন্ন জেলা প্রশাসকের দপ্তর থেকে জমির মূল্য সম্পর্কিত সংগৃহীত তথ্যের ভিত্তিতে একটি প্রতিবেদন ডিপিপিতে সন্নিবেশ করার পাশাপাশি বিভিন্ন জেলা প্রশাসকের দপ্তর থেকে সংগৃহীত তথ্যসমূহ আলাদাভাবে পরিকল্পনা কমিশন ও আইএমইডি'তে দাখিল করতে হবে মর্মে সভায় ঐকমত্য পোষণ করা হয়।

৩.৫ সভায় প্রকল্পের পরিবেশগত প্রভাব প্রসংগে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, EIA ও পরিবেশগত ছাড়পত্রের জন্য গত ২০/০৩/২০১৭ তারিখে পরিবেশ অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। পরিবেশ অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা হচ্ছে এবং ছাড়পত্র সংগ্রহ করে পুনর্গঠিত ডিপিপি'তে সংযুক্ত করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

৩.৬ সভায় উল্লেখ করা হয় যে, বিদ্যমান পরিপত্র অনুযায়ী অর্থ বিভাগের নির্ধারিত কমিটি কর্তৃক জনবলের কাঠামো অনুমোদিত হওয়া প্রয়োজন। এ প্রসংগে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, জনবলের ধরণ ও সংখ্যা নির্ধারণের জন্য বিদ্যুৎ বিভাগ হতে ১২/০৩/২০১৭ খ্রিঃ তারিখ প্রয়োজনীয় দলিলাদিসহ অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সভায় অর্থ ভিাগের জনবল কমিটির সুপারিশ মোতাবেক জনবলের কাঠামো মোতাবেক ডিপিপি পুনর্গঠন করার বিষয়ে একমত পোষণ করা হয়।

৩.৭ সভায় প্রকল্পের ৮টি জীপ গাড়ি ও ১৩টি পিকআপ ক্রয়ের যৌক্তিকতা সম্পর্কে আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে অর্থ বিভাগের জনবল কমিটির সুপারিশ মোতাবেক ড্রাইভারের অনুমোদিত পদের সাথে সংগতি রেখে গাড়ীর সংখ্যা নির্ধারণ করে ডিপিপি পুনর্গঠন করা বিষয়ে ঐকমত্য পোষণ করা হয়। সভায় আরো উল্লেখ করা হয় যে, আরইবির অন্যান্য প্রকল্পের মত এ প্রকল্পেও ১টি জীপ গাড়ি (প্রকল্প পরিচালকের জন্য) এবং ২০টি ডাবল ক্যাবিন পিকআপ এবং মোটর সাইকেল ৪৮টির পরিবর্তে ১২টি ক্রয় করা যেতে পারে। বিস্তারিত আলোচনার পর যানবাহন খাতের ব্যয় যৌক্তিকভাবে নির্ধারনপূর্বক তা পুনঃগঠিত ডিপিপিতে প্রতিফলন করার বিষয়ে সভায় ঐকমত্য প্রতিষ্ঠিত হয়।

৩.৮ সভায় প্রকল্পের আওতায় প্রস্তাবিত টার্ণ-কী চুক্তির মধ্যে বৈদেশিক প্রশিক্ষণ কার্যক্রম অন্তর্ভুক্ত আছে কিনা তা সভায় জানতে চাওয়া হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, প্রকল্পটি জিওবি এবং বিআরবি'র অর্থায়নে বাস্তবায়িত হবে। সুতরাং প্রকল্পের আওতায় প্রস্তাবিত টার্ণ-কী চুক্তির মধ্যে বৈদেশিক প্রশিক্ষণ কার্যক্রম অন্তর্ভুক্ত নেই।

৩.৯ সভায় প্রকল্পের আওতায় সরাসরি নিয়োগের জন্য প্রস্তাবিত জনবলের যোগ্যতা হিসেবে বাপবিবোর্ডের চাকুরী বিধিমালার সমতুল্য যোগ্যতা উল্লেখ্যের কারণ জানতে চাওয়া হলে সংস্থার প্রতিনিধি বলেন যে, প্রকল্পটি বিআরইবি'র তত্ত্বাবধানে বাস্তবায়িত হবে। সে মোতাবেক বাপববিবোর্ডের অনুমোদিত র্কমচারী চাকুরী প্রবিধানমালা, সরকারী পরিপত্র/নির্দেশনা অনুসারে যোগ্যতা ও অভিজ্ঞতার কথা উল্লেখ করা হয়েছে। সভায় পরিকল্পনা কমিশনের পক্ষ থেকে প্রকল্পের আওতায় নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের একটি পরিপত্রের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে, প্রকল্পের আওতায় সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করার জন্য প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান করা হয়।

৩.১০ সভায় আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণে বিআরইবি কর্তৃক বিদ্যুৎ ক্রয় এবং বিক্রয়ের ক্ষেত্রে কিলোওয়াট-ঘন্টা প্রতি যে হার উল্লেখ করা হয়েছে সে সম্পর্কে জানতে চাওয়া হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, বিআরইবি'র ফাইনান্সিয়াল মনিটরিং এন্ড ট্যারিফ সেল (এফএমটি) কর্তৃক হালনাগাদকৃত বিদ্যুৎ ক্রয় এবং বিক্রয়ের গড় মূল্য আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণে ব্যবহার করা হয়েছে। সভায় প্রকল্প ছকে বর্ণিত আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণের ব্যবধান অত্যধিক বিধায় তা পুনঃপর্যালোচনার জন্য বলা হয়। সভায় আলোচনান্তে বিষয়টি পুনঃপরীক্ষান্তে পরিমার্জন করার বিষয়ে সভায় ঐকমত্য পোষণ করা হয়।

৩.১১ আইএমইডি'র প্রতিনিধি সভায় প্রস্তাব করেন যে, জিওবি অর্থায়নে প্রস্তাবিত এত বৃহৎ বাজেটের প্রকল্পের ক্ষেত্রে মধ্যবর্তী মূল্যায়নের সংস্থান থাকা বাঞ্ছনীয়। তিনি সভাকে অবহিত করেন যে, আইএমইডি'র আওতায় চিহ্নিত কতিপয় প্রকল্পের ওপর নিবিড় পরীবিক্ষণ সম্পন্ন করা হয় তবে তা যথেষ্ট নয় বিধায় বড় বড় প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের অর্থায়নে মধ্যবর্তী মূল্যায়নের সংস্থান রাখা যেতে পারে -যা আইএমইডি'র তত্ত্বাবধানে হতে পারে। তাছাড়া, ডিপিপিতে বর্ণিত এমটিবিএফ সংক্রান্ত তথ্যের অসামঞ্জস্যতার বিষয়টি সংশোধন করা প্রয়োজন মর্মেও সভাকে অবহিত করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে, পুনর্গঠিত ডিপিপিতে মধ্যবর্তী মূল্যায়ন খাত অন্তর্ভুক্তকরতঃ এ খাতে ১৫.০০ লক্ষ টাকার সংস্থান রাখা এবং এ ব্যয় পিপিআর-২০০৮ অনুযায়ী আইএমইডি কর্তৃক ব্যয় করা হবে মর্মে সভায় ঐকমত্য প্রতিষ্ঠিত হয়।

৩.১২ সভায় উল্লেখ করা হয় যে, ডিপিপি'র MTBF অংশে অসংগতিপূর্ণ তথ্য রয়েছে। এছাড়া ডিপিপি পৃ: ১২ তে অনুচ্ছেদ ২০ এ সমজাতীয় অন্যান্য প্রকল্পের সাথে তুলনা অংশে মন্তব্য কলামে অসামঞ্জস্যতা রয়েছে বলেও উল্লেখ করা হয়। বিস্তারিত আলোচনার পর MTBF ও ডিপিপি'র পৃ: ১২ তে অনুচ্ছেদ ২০ এর অসামঞ্জস্যতার বিষয়টি সংশোধনকরতঃ তা পুনর্গঠিত ডিপিপিতে সন্নিবেশ করার জন্য বিদ্যুৎ বিভাগকে পরামর্শ প্রদান করা হয়।

৪। **<u>সিদ্ধান্তঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ প্রতিপালন সাপেক্ষে "শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)"-শীর্ষক প্রকল্পটি অনুমোদনের সুপারিশ করা হয়ঃ

৪.১ প্রতি কিঃমিঃ ৩৩ কেভি লাইন নির্মাণ ব্যয় ও প্রতি কিঃমিঃ ১১কেভি লাইন নির্মাণ ব্যয় আলাদাভাবে অন্যান্য প্রকল্পের সাথে তুলনা করে ডিপিপির ২০ নং অনুচ্ছেদে প্রদর্শণ এবং সাম্প্রতিক বাজার দরের ভিত্তিতে ব্যয় প্রাক্কলন করে লাইন নির্মাণ খাতে ব্যয় পুনঃনির্ধারণপূর্বক তা পুনর্গঠিত ডিপিপিতে সন্নিবেশ করতে হবে;

৪.২ প্রকল্প অনুমোদনের পূর্বের যে কোন খরচ প্রকল্প থেকে ভবিষ্যতে (প্রকল্প অনুমোদনের পর) পুনর্ভরণ করা পরিকল্পনা শৃংখলার পরিপন্থী বিধায় তা মেনে চলার বিষয়টি নিশ্চিত করার বিষয়টি বিদ্যুৎ বিভাগ যথাযথভাবে মনিটরিং করবে;

৪.৩ বিভিন্ন জেলা প্রশাসকের দপ্তর থেকে জমির মূল্য সম্পর্কিত সংগৃহীত তথ্যের ভিত্তিতে একটি প্রতিবেদন ডিপিপিতে সন্নিবেশ করার পাশাপাশি বিভিন্ন জেলা প্রশাসকের দপ্তর থেকে সংগৃহীত তথ্যসমূহ আলাদাভাবে পরিকল্পনা কমিশন ও আইএমইডি'তে দাখিল করতে হবে;

৪.৪ পরিবেশ অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রেখে প্রকল্পের EIA ও পরিবেশগত ছাড়পত্র সংগ্রহ করে পুনর্গঠিত ডিপিপি'তে সংযুক্ত করতে হবে;

৪.৫ অর্থ ভিাগের জনবল কমিটির সুপারিশ মোতাবেক জনবলের সংখ্যা অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করতে হবে;

৪.৬ প্রকল্পের আওতায় ১টি জীপ গাড়ি (প্রকল্প পরিচালকের জন্য), ২০টি ডাবল ক্যাবিন পিকআপ এবং ১২টি ক্রয় মোটর সাইকেল ক্রয় করা যেতে পারে। তবে অর্থ বিভাগের জনবল কমিটির সুপারিশ মোতাবেক ড্রাইভারের অনুমোদিত পদের সাথে সংগতি রেখে গাড়ীর সংখ্যা নির্ধারণকরতঃ ডিপিপি পুনর্গঠন করতে হবে;

৪.৭ প্রকল্পের আওতায় সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৪.৮ প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ পরিমার্জন করতে হবে;

৪.৯ পুনর্গঠিত ডিপিপিতে মধ্যবর্তী মূল্যায়ন খাত অন্তর্ভুক্তকরতঃ এ খাতে ১৫.০০ লক্ষ টাকার সংস্থান রাখতে হবে এবং এ ব্যয় পিপিআর-২০০৮ অনুযায়ী আইএমই বিভাগ কর্তৃক ব্যয় করা হবে মর্মে ডিপিপি'তে উল্লেখ করতে হবে;

৪.১০ ডিপিপিতে বর্ণিত এমটিবিএফ সংক্রান্ত ও ডিপিপি'র পৃ: ১২ তে অনুচ্ছেদ ২০ এর অসামঞ্জস্যতার বিষয়টি সংশোধন করতে হবে;

৪.১১ আলোচনা মোতাবেক ও উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের আলোকে ডিপিপি পুনর্গঠন করে পুনর্গঠিত ডিপিপি সত্বর পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(মোস্তাফা কামাল উদ্দীন)
সদস্য
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন

E:\1. REB\Raj, Rang, Khulna and Barishal\PEC\Minutes

পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং, শাখা-১

বিষয়ঃ ৩০/০৩/২০১৭ তারিখে অনুষ্ঠিত "শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)"-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মুল্যায়ণ কমিটির (পিইসি) সভায় উপস্থিত কর্মকর্তাগনের তালিকা।

| ক্রমিক নং | নাম, পদবী ও মন্ত্রণালয়/সংস্থা | ফোন নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মিয়া মামুনুল মনসুর, সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক [illegible] | 0716241789 | | [signature] |
| ২. | শেখ মোঃ আব্দুর রহমান, যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ | ০১৭১২-৮২৭২১৬ | sc@pd.gov.bd | [signature] |
| ৩. | মোঃ মাহফুজুর রহমান, সদস্য (প্রকৌশল) [illegible] | 01769400003 | memberengg@reb.gov.bd | [signature] |
| ৪. | প্রকৌ. এম. [illegible] মাহমুদ, প্রকল্প পরিচালক, বাপবিবো | ০১৭১১৮৫৫৭৫০ | [illegible]@yahoo.com | [signature] |
| ৫. | সৈয়দ মাহবুবুর রহমান, পরিচালক (প্র: দ:), বাপবিবো | ০১৭১১৭৮৫৬৭১ | rebdirpp@gmail.com | [signature] |
| ৬. | মোঃ রবিউল ইসলাম, সহঃ পরিচালক (RRKB) | 01552846442 | mpbs.reb@yahoo.com | [signature] |
| ৭. | অশোক কুমার দেব, উপপরিচালক ([illegible]) | ০১৭১৮৭০২৬৬৯ | ashokreb@yahoo.com | [signature] |
| ৮. | মোঃ আসাদুজ্জামান [illegible], সহকারী প্রকৌশলী | 01915180959 | | [signature] |

20

| ক্রমিক নং | নাম, পদবী ও মন্ত্রণালয়/সংস্থা | ফোন নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৯. | শিফাত তাসনোভার তুম্পা<br>সহকারী প্রধান<br>সাধারণ অর্থনীতি বিভাগ | ০১৭১১৭৭২৮০২ | shifat.tumpa34@gmail.com | Tumpa 30/03/17 |
| ১০. | মোঃ তাওসীফ রহমান<br>সহকারী পরিচালক<br>আইএমইডি | 01712118765 | mishu.eee.2001@gmail.com | Tausif 30/03/2017 |
| ১১. | তাহমিনা রহমান<br>সহকারী প্রধান<br>কার্যক্রম বিভাগ, পো/ক | 9180662 | sbn_rsn@yahoo.com | ৩০-০৩-১৭ |
| ১২. | শেখ শরীফ উদ্দিন<br>উপ-প্রধান<br>পরিকল্পনা কমিশন | 9116492 | roopkumar2001@gmail.c | 30/3/17 |
| ১৩. | মো. [illegible] | 9180816 | | |
| ১৪. | আবু সাঈদ মো: কামরুজ্জামান<br>সি: সহ: প্রধান<br>পরিকল্পনা কমিশন। | ৯১৮০৩৪৮ | kzaman050870@yahoo.com | |
| ১৫. | | | | |
| ১৬. | | | | |
| ১৭. | | | | |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |